# ALL INDIA RADIO, SILCHAR

**************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 15-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) নাগরিকত্ব সংশোধনী নিয়ম ২০২৪-র অধীনে আজ প্রথম পর্যায়ে নাগরিকত্বের প্রমাণপত্র প্রদান।

২) দেশে পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য প্রচার অভিযান অব্যাহত।

৩) কটন বিশ্ববিদ্যালয়ের জমি কোনো বেসরকারী সংগঠন বা ব্যক্তিকে আউটসোর্সিং করার অনুমতি প্রদান করা হবে না বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার মন্তব্য।

এবং

৪) দুর্যোগ সম্পর্কিত তথ্য ও প্রতিবেদন দাখিল করার জন্য আজ রাজ্যের মুখ্য সচিব ড: রবি কোটার ডিআরআইএমএস শীর্ষক একটি ডিজিট্যাল মঞ্চ উদ্বোধন।

---------------------------------------------------------------------------

নাগরিকত্ব সংশোধনী নিয়ম ২০২৪ এর অধীনে আজ প্রথম পর্যায়ে নাগরিকত্বের প্রমানপত্র প্রদান করা হয়েছে ।কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লা আজ নতুন দিল্লীতে একাংশ আবেদনকারীকে নাগরিকত্বের প্রমাণপত্র প্রদান করেন ।এই নিয়মের অধীনে ১৪ জন আবেদনকারীকে নাগরিকত্ব প্রদান করার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করে ।শ্রী ভাল্লা আবেদনকারীদের অভিনন্দন জানিয়ে চলতি বছরের গত ১১ ই মার্চ বিজ্ঞপ্তি জারী করা নাগরিকত্ব সংশোধনী নিয়ামাবলী সম্পর্কে আলোকপাত করেন ।এই নিয়মের অধীনে পাকিস্তান , বাংলাদেশ ও আফগানিস্থান থেকে ভারতে আসা হিন্দু , শিখ , জৈন , বৌদ্ধ , পার্সি ও খ্রীষ্টান সম্প্রদায়ের লোকেদের নাগরিকত্বের আবেদন গ্রহণ করা হয়েছিল ।

--------------------------------------------------------------------------------

দেশে পঞ্চম,ষষ্ঠ ও সপ্তম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য প্রচার অভিযান অব্যাহত রয়েছে । পঞ্চম পর্যায়ে ২০ শে মে ৪৯ টি লোকসভা আসনে ভোটগ্রহণ করা হবে । ২৫ মে ষষ্ঠ পর্যায়ে ৫৭ টি এবং পয়লা জুন সপ্তম পর্যায়ে ৫৭ টি লোকসভা আসনের জন্য ভোটগ্রহণ করা হবে । প্রবীণ বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মহারাষ্ট্রে প্রচার চালান । বিজেপি নেতা অমিত শাহ আজ ওড়িশাতে নিজ দলের প্রার্থীর সমর্থনে বেশকয়েকটি নির্বাচনী সভায় অংশ নেন । দলের প্রবীণ নেতা তথা লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ রাজ্যে নির্বাচনী প্রচার সভায় অংশ নেন । এদিকে দলের জাতীয় সভাপতি জে পি নাড্ডা আজ দলের মহিলা কর্মীদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়েছেন বলে সাংবাদিকদের জানান ।

এদিকে রাহুল গান্ধীও ওড়িশায় নির্বাচনী সভায় সম্বোধন করা সহ মোটর সাইকেল র‍্যালীতে অংশ নেন ।

বি জে পি নেতা তথা মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ ঝাড়খন্ডে দলীয় প্রার্থীর হয়ে প্রচার চালান । রাজ্যের গিরিধতে অনুষ্ঠিত এক জনসভায় মূখ্যমন্ত্রী কডার্মা লোকসভা আসনের জনসাধারণের উদ্দেশ্যে ভাষণ দেন ।

--------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন নির্বাচনী আচরণবিধি লংঘন সম্পর্কে বিভিন্ন রাজনৈতিক দলের দাখিল করা ৯০ শতাংশেরও বেশী অভিযোগ নিষ্পত্তি করেছে ।কমিশন এক বিবৃতিতে জানিয়েছে যে এই সময়ের মধ্যে ৪২৫ টি গুরুতর অভিযোগ লাভ করেছে এর মধ্যে ৪০০ টি অভিযোগ নিষ্পত্তি করা সহ প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।কমিশন জানিয়েছে যে কংগ্রেস দল ১৭০ টি অভিযোগ দাখিল করেছে এর বিপরীতে বিজেপি ৯৫ টি অভিযোগ এবং ১৬০ টি অভিযোগ অন্যান্য রাজনৈতিক দলসমুহ দাখিল করেছে ।নির্বাচনী আচরণবিধি লংঘন সম্পর্কে কংগ্রেস এবং বিজেপির পরস্পরের বিরুদ্ধে দাখিল করা কয়েকটি অশভিযোগ বিচারাধীন রয়েছে বলে কমিশন জানিয়েছে ।উল্লেখ্য নির্বাচন কমিশন এর পূর্বে বেশ কয়েকজন রাজনৈতিক নেতার বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি লংঘন সম্পর্কে ব্যক্তিগতভাবে বিজ্ঞপ্তী জারি করেছিল।

--------------------------------------------------------------------------------

রাজ্যের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী কেশব মহন্ত গতকাল ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর মুখ্য কার্যালয় অন্তরীক্ষ ভবনে ইসরোর অধ্যক্ষ তথা কেন্দ্রীয় সরকারের মহাকাশ বিভাগের সচিব এস পানিকার সোমনাথের সঙ্গে ইসরোর গুয়াহাটীর পার্শ্ববর্তী চন্দ্রপুরে নেটওয়ার্ক অব স্পেস অবজেক্ট ট্রেকিং এন্ড এনালাইসিস (নেট্র )প্রকল্প স্থাপন করার বিষয়ে এক আলোচনায় মিলিত হন ।উল্লেখ্য মহাকাশ সম্পর্কীত কাজকর্ম সুরক্ষিত এবং বহনক্ষম রূপে এগিয়ে নিয়ে যাবার উদ্দেশ্যে ইসরোর মহাকাশ পরিস্থিতি সচেতনতা প্রণালী ইতিমধ্যে কার্যকর হয়েছে ।বেঙ্গালুরুতে থাকা এই প্রণালীর মূল কক্ষ নেট্র থেকে এই প্রক্রিয়া কার্যকর করা হয়েছে ।এর অংশ হিসেবে আসামে নেট্র প্রকল্পের অধীনে কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা করা হয়েছে ।আসাম সরকার এর জন্য চন্দ্রপুরে ২০০ বিঘা জমি ইসরোকে প্রদানকরার বিষয়ে মন্ত্রী শ্রী মহন্ত ইসরোর অধ্যক্ষকে অবগত করান ।এছাড়া মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার নির্দেশে নেট্র প্রকল্প নির্মান কাজের জন্য সব ধরণের সহযোগিতা প্রদান করতে সরকার প্রস্তুত বলেও তিনি জানান । মহাকাশ সম্পর্কীত বিষয়ে সম্ভাব্য বাধা বিপত্তি হ্রাস করা সহ রাষ্ট্রীয় মহাকাশ সম্পদের সুরক্ষার ক্ষেত্রে নেট্র প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ।এই প্রকল্পে অত্যাধুনিক রাডারের মাধ্যমে ভূপৃষ্ঠ থেকে

মহাকাশের ২ হাজার কিলোমিটার পর্যন্ত দূরত্বে উদ্ভব হওয়া নূন্যতম ১০ সেন্টিমিটার আকারের কোন বস্তুও ধরা পরবে ।মন্ত্রী শ্রী ময়ন্ত ইসরোর অধ্যক্ষকে আসামে ইসরোর একটি আঞ্চলিক কেন্দ্র স্থাপন করার জন্য ও অনুরোধ জানান । এই আলোচনায় আসাম বিজ্ঞান প্রযুক্তি , ও পরিবেশ পরিষদের সঞ্চালক ডঃ জয়দীপ বরুয়া , আসাম রাজ্য মহাকাশ গবেষণা কেন্দ্রের সঞ্চালক তথা বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা বিভাগের বিশেষ সচিব পি এন রাজু  এবং জাতীয় স্বাস্থ্য অভিযানের কার্যবাহী সঞ্চালক ডাঃ মনোজ চৌধুরী উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী কেশব মহন্ত গতকাল ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর মুখ্য কার্যালয় অন্তরীক্ষ ভবনে ইসরোর অধ্যক্ষ তথা কেন্দ্রীয় সরকারের মহাকাশ বিভাগের সচিব এস পানিকার সোমনাথের সঙ্গে ইসরোর গুয়াহাটীর পার্শ্ববর্তী চন্দ্রপুরে নেটওয়ার্ক অব স্পেস অবজেক্ট ট্রেকিং এন্ড এনালাইসিস (নেট্র )প্রকল্প স্থাপন করার বিষয়ে এক আলোচনায় মিলিত হন ।উল্লেখ্য মহাকাশ সম্পর্কীত কাজকর্ম সুরক্ষিত এবং বহনক্ষম রূপে এগিয়ে নিয়ে যাবার উদ্দেশ্যে ইসরোর মহাকাশ পরিস্থিতি সচেতনতা প্রণালী ইতিমধ্যে কার্যকর হয়েছে ।বেঙ্গালুরুতে থাকা এই প্রণালীর মূল কক্ষ নেট্র থেকে এই প্রক্রিয়া কার্যকর করা হয়েছে ।এর অংশ হিসেবে আসামে নেট্র প্রকল্পের অধীনে কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা করা হয়েছে ।আসাম সরকার এর জন্য চন্দ্রপুরে ২০০ বিঘা জমি ইসরোকে প্রদানকরার বিষয়ে মন্ত্রী শ্রী মহন্ত ইসরোর অধ্যক্ষকে অবগত করান ।এছাড়া মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার নির্দেশে নেট্র প্রকল্প নির্মান কাজের জন্য সব ধরণের সহযোগিতা প্রদান করতে সরকার প্রস্তুত বলেও তিনি জানান । মহাকাশ সম্পর্কীত বিষয়ে সম্ভাব্য বাধা বিপত্তি হ্রাস করা সহ রাষ্ট্রীয় মহাকাশ সম্পদের সুরক্ষার ক্ষেত্রে নেট্র প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে ।এই প্রকল্পে অত্যাধুনিক রাডারের মাধ্যমে ভূপৃষ্ঠ থেকে মহাকাশের ২ হাজার কিলোমিটার পর্যন্ত দূরত্বে উদ্ভব হওয়া নূন্যতম ১০ সেন্টিমিটার আকারের কোন বস্তুও ধরা পরবে ।মন্ত্রী শ্রী ময়ন্ত ইসরোর অধ্যক্ষকে আসামে ইসরোর একটি আঞ্চলিক কেন্দ্র স্থাপন করার জন্য ও

অনুরোধ জানান । এই আলোচনায় আসাম বিজ্ঞান প্রযুক্তি , ও পরিবেশ পরিষদের সঞ্চালক ডঃ জয়দীপ বরুয়া , আসাম রাজ্য মহাকাশ গবেষণা কেন্দ্রের সঞ্চালক তথা বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা বিভাগের বিশেষ সচিব পি এন রাজু  এবং জাতীয় স্বাস্থ্য অভিযানের কার্যবাহী সঞ্চালক ডাঃ মনোজ চৌধুরী উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------

আসাম সরকার কটন বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি সমুহ কোন বেসরকারি সংগঠন বা ব্যক্তিকে আউটসোর্সিং করার অনুমতি প্রদান করবে না বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা স্পষ্ট করে দিয়েছেন ।মুখ্যমন্ত্রী  বলেছেন যে কটন বিশ্ববিদ্যালয় অর্থাৎ পূর্বের কটন কলেজ সমৃদ্ধ ইতিহাস বহন করে আসছে । এদিকে কটন বিশ্ববিদ্যালয়ের জমি নিয়ে সৃষ্টি হওয়া বিতর্ক সম্পর্কে আজ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংবাদ মাধ্যমে নিজেদের অবস্থান স্পষ্ট করেছে ।বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক ডঃ অরিন্দম গার্গ বিশ্ববিদ্যালয়ের জমি লিজ দেওয়া বা বিক্রী করা সম্পর্কে একাংশ সংবাদ মাধ্যমে প্রচারিত খবর ভিত্তিহীন বলে জানান ।

--------------------------------------------------------------------------

সমগ্র দেশের সঙ্গে আসামেও ডিজিটেল লেনদেন দৈনিক নতুন রেকর্ড সৃষ্টি করেছে । ২০২৩-২৪ অর্থ বছরের প্রথম তিনটি মাসে এই লেনদেন ১০ লক্ষ কোটি টাকা অতিক্রম করেছে ।কোবিড সংক্রমনের পর থেকে ডিজিটেল লেনদেন বৃদ্ধি হওয়া পরিলক্ষিত হচ্ছে ।পূর্বের নেট বেংকিং , এন ই এফ টি , মোবাইল বেংকিং ইত্যাদির তুলনায় ইউ পি আই’র ব্যবহার বেশী সহজ হওয়ায় ডিজিটেল লেনদেন জনপ্রিয় হয়েছে বলে অর্থ বিভাগ সূত্রে জানা গেছে ।

--------------------------------------------------------------------------

১৯ শে মে ভাষা শহীদ দিবস পালনের অঙ্গ হিসেবে  সব মাতৃভাষার মঙ্গল কামনায় আজ বিভিন্ন ছাত্র সংস্থার আহ্বানে রাঙ্গিরখাড়ির নেতাজী মূর্তির পাদদেশ থেকে এক শোভাযাত্রা বের হয়ে শিলচর শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে ।

এদিকে আগামীকাল বরাকের আওয়াজের উদ্যোগে বরাক উপত্যকার তিন জেলা কাছাড় ,করিমগঞ্জ ও হাইলাকান্দিতে একই সময়ে অর্থাৎ বিকেল তিনটায় মহা পথচলা শুরু হবে । শিলচরেরাঙ্গিরখাড়ির নেতাজী মূর্তির পাদদেশ থেকে এই পথচলা শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে গান্ধীবাগে এসে শেষ হবে ।

---------------------------------------------------------------------------

রাজ্যে স্বাভাবিক তাপমাত্রা থেকে কয়েক ডিগ্রী সেলসিয়াস উষ্ণতা বৃদ্ধি পেয়েছে । শিলচরে ৩৫ ডিগ্রী , গৌহাটীতে ৩২ ডিগ্রী ,গোয়ালপারায় ৩৩ দশমিক ৩ ডিগ্রী ,গোলাঘাটে ৩৪ দশমিক ২ এবং যোরহাটে ৩৩ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস পর্যন্ত উষ্ণতা বৃদ্ধি পেয়েছে ।বরঝার আবহাওয়া বিজ্ঞান কেন্দ্র থেকে জানানো হয়েছে যে ত পয়লা মার্চ থেকে ৮ মে পর্যন্ত আসামে বৃষ্টিপাতের পরিমাণ ৩৫ শতাংশ কম হয়েছে । আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের তথ্য অনুসারে সম্প্রতি লামডিংয়ে সর্ব্বোচ্চ তাপমান ৩৯ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস হয়েছে ।

উল্লেখ্য আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতেও ইতিমধ্যে গরমের প্রকোপ বৃদ্ধি পেয়েছে । বিগত এক সপ্তাহ থেকে উত্তর-পূর্বাঞ্চলের বেশ কয়েকটি রাজ্যে গরমের প্রকোপ বৃদ্ধি পেয়েছে । এরফলে জনসাধারণের দৈনন্দিন জীবন যাত্রায় প্রভাব পরিলক্ষিত হচ্ছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে আজ বদরপুর দেবেন্দ্র নগর সিমেন্ট কারখানা এলাকায় অভিযান চালিয়ে একটি লরি থেকে ১১০টি সাবানের বাক্স থেকে এক হাজার দুশ ২০ গ্রাম হেরোইন বাজেয়াপ্ত করেছে । নেশা জাতীয় সামগ্রীর বাজার মূল্য প্রায় তিন কোটী টাকা। এই ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে শিহাব উদ্দিন নামের এক ব্যাক্তিকে আটক করা হয়েছে বলে করিমগঞ্জ পুলিশ জানিয়েছে ।

---------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের আই কিউ এ সি-র উদ্যোগে আজ কলেজ প্রেক্ষাগৃহে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক পর্য্যায়ে কলা ও বানিজ্য শাখায় কৃতিত্বের সঙ্গে উর্ত্তীন আট জন মেধাবী ছাত্র-ছাত্রীকে ঋষিকেশ শেফালিকণা স্মৃতি পুরষ্কার প্রদান করা হয় । কলেজ পরিচালন সমিতির সভাপতি লক্ষীকান্ত ভট্টাচার্যের পৌরহিত্যে এ উপলক্ষে আয়োজিত সভায় প্রধান অতিথি হিসেবে আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক ডক্টর রাজীব মোহন পন্থ উপস্থিত ছিলেন । এছাড়াও অনুষ্ঠানে শিলচরের সাংসদ ডাক্তার রাজদীপ রায় , কলেজ অধ্যক্ষ ডক্টর দেবাশীষ রায় , কলেজ পরিচালন সমিতির  সদস্য অংশু কুমার রায় প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

সারা ভারত কৃষক সভার কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ জেলা দূর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের কাছে বিভিন্ন দাবীর সর্মথনে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে । স্মারক পত্রে সাম্প্রতিককালে প্রবল ঘূর্নিঝড় ও শিলাবৃষ্টির ফলে ক্ষতিগ্রস্থদের উপযুক্ত ক্ষতিপূরনের দাবী জানানো হয়েছে । এছাড়া ধলাই বিধানসভা কেন্দ্রের গঙ্গানগর গ্রামে বজ্রপাতে মৃত্যু হওয়া দু জন ব্যাক্তির পরিবারকে অবিলম্বে ক্ষতিপূরন প্রদানের দাবী জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------